



বিএনপি প্রার্থীকে কাফনের কাপড় পাঠিয়ে হাদির মতো হত্যার হুমকি



সংগৃহীত ছবি

কক্সবাজার-৪ (উখিয়া-টেকনাফ) আসনে বিএনপির প্রার্থী ও জেলা বিএনপির সভাপতি শাহজাহান চৌধুরীকে লক্ষ্য করে গুরুতর হুমকির অভিযোগ উঠেছে। ডাকযোগে পাঠানো এক চিঠিতে তাকে নির্বাচন থেকে সরে দাঁড়াতে বলা হয়েছে। চিঠির সঙ্গে ছিল সাদা কাফনের কাপড়, যা পরিস্থিতিতে আরও উদ্বেগজনক করে তুলেছে। ঘটনাটি ঘটে গত ২৩ ডিসেম্বর। অজ্ঞাত প্রেরকের পাঠানো ওই চিঠিতে ‘ব্যটালিয়ন ৭১’ নামের একটি গোষ্ঠীর উল্লেখ করা হলেও তাদের পরিচয় সম্পর্কে কোনো নিশ্চিত তথ্য পাওয়া যায়নি। চিঠির ভাষায় স্পষ্টভাবে জানানো হয়, নির্বাচনে অংশ নিলে তাকে শরিফ ওসমান হাদির মতো পরিণতি ভোগ করতে হবে। পাশাপাশি সার্বক্ষণিক নজরদারির কথাও উল্লেখ করা হয়।

এ বিষয়ে প্রতিক্রিয়া জানিয়ে শাহজাহান চৌধুরী বলেন, এটি পরিকল্পিতভাবে তাকে ভয় দেখানোর চেষ্টা। তার মতে, এলাকায় সক্রিয় অপরাধী চক্রের কেউ এ ধরনের কাজ করতে পারে। তবে এসব হুমকিতে তিনি বিচলিত নন এবং নির্বাচন থেকে সরে দাঁড়ানোর প্রশ্নই ওঠে না। তিনি আরও বলেন, চাপ দিয়ে তাকে দমিয়ে রাখা সম্ভব নয়।

উখিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা নূর আহমদ জানান, ঘটনার পর প্রার্থীর পক্ষ থেকে সাধারণ ডায়েরি করা হয়েছে। পুলিশ বিষয়টিকে গুরুত্ব দিয়ে দেখছে। চিঠি কারা পাঠিয়েছে, এর পেছনের উদ্দেশ্য কী—সবকিছু খতিয়ে দেখে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ নেওয়া হবে বলে জানান তিনি।